

দেয়াল ধসে ছাত্রের মৃত্যু শেরপুরে প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত

শেরপুর প্রতিনিধি ▶

দেয়াল ধসে পঞ্চম শ্রেণীর ছাত্রের মৃত্যুর ঘটনায় শেরপুর সদর উপজেলার চর শ্রীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

গত শনিবার টিফিন পিরিয়ডে বিদ্যালয়ের পরিভ্রমণ পুরাতন ভবনের দেয়াল ধসে পঞ্চম শ্রেণীর ছাত্র মিনাল মিয়া (১২) ঘটনাস্থলে মারা যায়। জেলা হাসপাতালে ময়নাতদন্ত শেষে গত রবিবার সন্ধ্যায় ওই ছাত্রের লাশ দাফন করা হয়।

সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে ঘটনা তদন্তে সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) বিনীতা রায়কে আহ্বায়ক এবং উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মনিলা পারভিন ও উপজেলা সহকারী প্রকৌশলী মো. জাহিদুল আলমকে সদস্য করে কমিটি গঠন করা হয়েছে।

এদিকে দেয়াল ধসে ছাত্র মৃত্যুর পর থেকে গত দুই দিন ধরে আতঙ্কে ওই বিদ্যালয়ে ৪৪৭ জন শিক্ষার্থীর কেউই যাচ্ছে না। শিক্ষকরা বিচ্ছিন্ন এলাকাবাসীদের হামলার আশঙ্কায় বিদ্যালয়ে যাচ্ছেন না। অন্যদিকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ঘটনার পর থেকেই পদত্যাগ। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. এনামুল হক জানান, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মঞ্জুরুল আজিজকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কমিটি সোমবার থেকে তদন্তকার্য শুরু করেছে।